## খালিয়াজুরী উপজেলা পরিষদের অক্টোবর/ ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| উপজেলা পরিষদ | খালিয়াজুরী |
| সভার তারিখ ও সময় | ১৮/১০/২০২১ সময়: দুপুর ১২.০০ ঘটিকা |
| সভাপতি | জনাব মো: রাব্বানী জব্বার,চেয়ারম্যান, উপজেলা পরিষদ,খালিয়াজুরী,নেত্রকোণা। |
| উপস্থিত সদস্য | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। নবাগত সভাপতি মহোদয় প্রথমে সকলের নিকট পরিচয় করেন। অত:পর সভার কাজ পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত ২০/০৯/২০২১ খ্রি:তারিখের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা:

| ক্র: নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন যে,দেরমাস পূর্বে কর্মস্থলে যোগদান করেছি। গত বছর ৯৭০ হে: পতিত জমিতে চাষাবাদ করা হয়েছে। অনেক বেশী করা যায় চেষ্টা করব। ভূট্টা,পেয়াজ,রসুন এগুলি করা যাবে। যে অঞ্চলে জমি পতিত থাকে চাষাবাদ হয়নি। পতিত জমিতে মশুর ডাল,মুগডাল এসব ব্যবস্থা করা হবে। জনাব কালাম সাব বলেন যে,ধান কাটার মেশিন কিভাবে পাঠাইছেন জানি না। সংশোধন কপি আমাদের দেন। | সার্বিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী বলেন যে অআব্দুল জব্বার রাবেয়া খাতুন বালিকা বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য ৮,০০,০০০/-টাকা বরাদ্দ অনুমোদিত হয়। তিনি আরোও জানান যে,২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল দ্বারা যে সকল প্রকল্প টেন্ডার ও কোটেশনের মাধ্যমে বাস্তবায়িত তাহার তালিকা সদয় অনুমোদনের জন্য ২৩ নং ক্রমিকে উল্লেখ করা হল।<br>তিনি আরো বলেন যে, জিয়াখড়া আর এন্ড এইচ ভায়া আদর্শনগর জিসি রাস্তার দুই পার্শ্বে ০৩ ফুট করে প্রশস্ত করার জন্য প্রকল্প গ্রহণ করে দরপত্র আহবান করা হয়।তড়িৎ গতিতে রাস্তার দুই পার্শ্বে এলজিইডি রোপিত বৃক্ষ কাজটি বাস্তবায়নের স্বার্থে বন বিভাগের অনুমোদনক্রমে দরপত্রের মাধ্যমে বিক্রয় করা যেতে পারে। | উক্ত টাকা কোটেশনের মাধ্যমে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>বনবিভাগের মাধ্যমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার বলেন তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । কোন সমস্যা নাই। বিভিন্ন বিভাগে এনএফটিপি প্রকল্প কর্তৃক নিয়োজিত স্টাফ এবং মৎস্য অফিসের মাধ্যমে উপজেলাধীন পুকুর এবং বাড়ীর পার্শ্বে পরিত্যাক্ত খন্দক সিজনাল মাছ চাষ করার জন্য পরামর্শ অব্যাহত আছে।এমনকি মোবাইলের মাধ্যমেও মাছ চাষের পরামর্শ প্রদান করা হয়ে থাকে। | মাছ চাষে সকলকে উৎসাহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজে মৎস্য অফিসার |
| ০৪ | ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে,২০২১-২০২২ অর্থ বছরের টি,আর,এবং কাবিটার বরাদ্দ বিভাজনের আলোকে ইউনিয়ন পরিষদ হতে পাওয়া গেছে।যাচাই করে চুড়ান্ত তালিকা প্রস্তুত করার অনুরোধ করেন। | যাচাই করে চুড়ান্ত তালিকা প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৫ | প্রকৌশলী বিভাগ জনস্বাস্থ্য | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগ বলেন যে,তার অফিসের কাজকর্ম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নাই। যে সকল নলকুপের সমস্যা রয়েছে তা সচল করার প্রক্রিয়াধীন চলমান। ২০২০-২০২১ অর্থ বছরের ২৪ টি টয়লেট কাজ শেষ করে হস্তান্তর করা হয়েছে।আশ্রয়ণ প্রকল্পের ৪৪ নলকুপের কাজ বোরিং করা হয়েছে। পানি পরিস্কার করার জন্য ল্যাবে পাঠানো হয়েছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| ০৬ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন যে,খালিয়াজুরী ফাকা স্থানে অবকাঠামো নির্মাণ: খালিয়াজুরী উপজেলা ধান উৎপাদন ও গুদামে সংগ্রহ প্রবন এলাকা। ৫০০ মে.টন গুদাম খালিয়াজুরীতে অবস্থিত। ধান সংগ্রহ ও | যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মজুদ রাখার জন্য ন্যুনতম ফাকা স্থান। সময়ের মধ্যে কৃষকদের উপকারের স্বার্থে অতি দ্রুত ধান ক্রয় করার জন্য আরো গুদাম নির্মাণ প্রয়োজন।নতুন গুদাম নির্মাণ ও প্যাডি সিলো/রাইস সিলো নির্মাণ কাজের প্রকল্প খাদ্য মন্ত্রণালয়ের চলমান আছে। খাদ্য মন্ত্রণালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে খাদ্য গুদাম প্যাডি সিলো/রাইস সিলো অত্র গুদামের ফাকা জায়গায় নির্মাণের সকল সহযোগিতা কামনা করি। | , | |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার বলেন যে,মা ও শিশু বিষয় কাজ করে থাকি। খালিয়াজুরী উপজেলাতে একজন ভিজিটর আছে। আর সব খালি আছে। গর্ভবতী মাদেরকে ক্যালসিয়াম সরবরাহ দিয়ে থাকি। মেন্দিপুর ইউনিয়নে ২৩ জন কর্মী আছে। প্রতি সেন্টারে ০২ জন করে কর্মরত আছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৮ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন যে,তার অফিসের কাজকর্ম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নাই। তবে ঋন আদায় ও বিতরনের ক্ষেত্রে সবার সহযোগিতা প্রয়োজন। | সকলকে সহোযোগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লীউন্নয়ন অফিসার |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে,২০২১-২২ অর্থ বছরের নিয়মিত ভাতার কার্যক্রম চলমান আছে। ২০২১-২২ অর্থ বছরের নতুন ভাতাভোগী অনলাইনের আবেদনের প্রেক্ষিতে ভাতা বরাদ্দ আসে।তাদের ভাতা পেরোল প্রেরণ করা হবে। এছাড়া অনগ্রসর জনগোষ্টির জন্য ভাতা কার্যক্রম চলমান আছে।প্রান্তিক জনগোষ্টির জরিপ সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১০ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক বলেন যে,এ কার্যালয়ে সমিতি গঠন ১১১টি করা হয়েছে। উপকারভোগীর সংখ্যা -৫,১৯৬ জন।মোট সদস্য সঞ্চয় ২৩৪.২২ মোট ঋন বিতরন-১৪,৯৬,১৯,৫০০/-,মোট ঋন আদায় -৮,৮৩,০৫,১৮০/-টাকা,বকেয়া ঋনের পরিমান:-৫,০১,৩৪০২৮/-টাকা,আদায়ের হার-৫৯%,সম্পদের অর্থ আদায়-৫.১১ ,উপজেলার মোট তহবিল-৮৪৫.৪৪। | আদায়ের হার বাড়ানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | সহকারী উপজেলা যুব উন্নয়ন অফিসার বলেন যে,আগামী ০১ নভেম্বর জাতীয় যুব দিবস । এবারের যুব দিবসের প্রতিপাদ্য বিষয় হল “দক্ষযুব সমৃদ্ধ দেশ,বঙ্গবন্ধুর বাংলাদেশ’। এ শ্লোগান সামনে রেখে আগামী ১ নভেম্বর জাতীয় যুব দিবস পালন করা হবে। | ভাল ভাবে দিবস উদযাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা |
| ১২ | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার বলেন যে, ইউপি সাধারন নির্বাচন অনুষ্টানের লক্ষে সকল প্রস্তুতি চলছে। আসন্ন ইউপি নির্বাচন সুষ্ঠু,সুন্দর ও নিরপেক্ষভাবে সম্পন্নের লক্ষে উপস্থিত সকলের সার্বিক সহযোগীতা কামনা করছি। | সুন্দর,সুষ্ঠুভাবে নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ১৭ | মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান বলেন যে,তার অফিসের বাথরুম টয়লেট নষ্ট হয়ে গেছে। জরুরী ভিত্তিতে মেরামত করা দরকার। | নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৮ | চেয়ারম্যান ,মেন্দিপুর ইউপি | চেয়ারম্যান,মেন্দিপুর ইউপি বলেন যে,আমার ইউনিয়নে কাজ কর্ম স্বাভাবিক ভাবে চলছে । কোন সমস্যা নাই। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মেন্দিপুর ইউপি |
| ১৯ | চেয়ারম্যান, চাকুয়া | চেয়ারম্যান,চাকুয়া ইউপি বলেন যে, আমার ইউনিয়নে কোন সমস্যা নাই। সামনে অত্রাসছে নির্বাচন সুষ্টভাবে নির্বাচন কামনা করি। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২০ | চেয়ারম্যান ,নগর ইউপি | চেয়ারম্যান,নগর ইউপি বলেন যে, আমার ইউনিয়নে কোন সমস্য নাই। কাজ কর্ম সঠিকভাবে চলছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান নগর ইউপি |
| ২১ | চেয়ারম্যান, কৃষ্ণপুর ইউপি | চেয়ারম্যান,কৃষ্ণপুর ইউপি বলেন যে, কৃষ্ণপুর ইদগাহ মাঠ হতে কল্যানপুর প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তার প্রতিরক্ষা হিসাবে যে ব্লক বসানো হয়েছিল,তা গত বর্ষার আফালে ভেংগে গিয়েছে। যদি এই রাস্তার প্রতিরক্ষা পূণ: সংস্কার করা না হয় তাহা হলে আমাদের কৃষ্ণপুরের রাস্তাটি আগামী বর্ষায় আফালে ভেংগে যাবে।তাই এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ করা হল। | বিষয়টি ভালভাবে দেখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ২২ | রাজস্ব তহবিল | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামতের জন্য তিনটি প্রকল্প গ্রহন করা হয়।যাহা ২,০০,০০০/- | কমিটির অনুমোদন দেয়ার ও রাজস্ব | উপজেলা প্রকৌশলী/ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | টাকা করে ৬,০০,০০০/-টাকার প্রয়োজন। প্রকল্প বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা যেতে পারে।<br>ক। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন-০১<br>১। মো: রাজীব আহমেদ,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা- সভাপতি<br>২। মো: রফিকুল ইসলাম,উপজেলা শিক্ষা অফিসার- সদস্য<br>৩। মো: আজিজুর রহমান,উপজেলা সমবায় অফিসার- সদস্য<br>৪। মো:খায়রুল ইসলাম,উপসহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য- সদস্য<br>৫। মো: মামুন রশিদ,উপসহকারী কৃষি কর্মকর্তা- সদস্য<br>খ। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন-০২<br>১। মো: রফিকুল ইসলাম,উপজেলা শিক্ষা কর্মকর্তা- সভাপতি<br>২। মো: রাজীব আহমেদ,উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার- সদস্য<br>৩। মো: আজিজুর রহমান,উপজেলা সমবায় অফিসার -সদস্য<br>৪। মো:খায়রুল ইসলাম,উপসহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য- সদস্য<br>৫। মো: মামুন রশিদ,উপসহকারী কৃষি কর্মকর্তা- সদস্য<br>গ। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন-০৩<br>১। মো: আজিজুর রহমান,উপজেলা সমবায় কর্মকর্তা- সভাপতি<br>২। মো: রফিকুল ইসলাম,উপজেলা শিক্ষা অফিসার- সদস্য<br>৩। মো: রাজীব আহমেদ,উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার-সদস্য<br>৪। মো:খায়রুল ইসলাম,উপসহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য- সদস্য<br>৫। মো: মামুন রশিদ,উপসহকারী কৃষি কর্মকর্তা- সদস্য | তহবিল হতে ব্যয় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার |
| | | তিনি আরোও জানান যে,উপজেলা পরিষদের আবাসিক বাসভবনের ২ নং পানির পাম্প মেরামত ৯,৬৮০/-টাকা ব্যয় হয়েছে এবং ৩ নং পানির পাম্প মেরামত বাবদ ৯,৭৯০/- টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা যেতে পারে। | রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান যে,ফাইজার ডেক্সিনেশনের জন্য অনুকুল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে হাসপাতালে ০৩ টি জেনারেটর ও আনুষংগিক খরচ বাবদ ৩,০০,০০০/- টাকা ব্যয় করা হয়েছে। | রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাত হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

২৩। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) দ্বারা যে সকল প্রকল্প টেন্ডার ও কোটেশনের মাধ্যমে বাস্তবায়িত হবে তাহার তালিকার বিবরণ নিম্নে দেওয়া হইলো।

দরপত্রের মাধ্যমে বাস্তবায়ন করা হবে।

| ইউনিয়ন | নং | প্রকল্পের নাম | খাত | বরাদ্দের পরমান |
|---|---|---|---|---|
| মেন্দিপুর | ০১ | আসাদপুর নয়াপাড়া কাদির মিয়ার বাড়ির সামনে হইতে আসাদপুর গোদারা ঘাট পর্যন্ত রাস্তা সিসি করণ | আর্থ সামাজিক | ৩,৪৬,০০০/- |
| মেন্দিপুর | ০২ | জগন্নাথপুর পাতাইরা পাড়া মোঃ জয়নাল আবেদীনের বাড়ি হইতে পূর্ব বাজার পর্যন্ত রাস্তা সিসি করণ | আর্থ সামাজিক | ৫,০০,০০০/- |
| মেন্দিপুর | ০৩ | মেন্দিপুর ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আসবাবপত্র সরবরাহ | বস্তুগত অবকাঠামো | ৫,০০,০০০/- |
| | | | উপমোট- | ১৩,৪৬,০০০/- |
| চাকুয়া | ০১ | লেপসিয়া ঈদগাহ মাঠের বাকি অংশ পাকাকরণ | কৃষি ও সেচ | ২,০০,০০০/- |
| চাকুয়া | ০২ | হাতিলা হারাকান্দি রাস্তার সাদেকের বাড়ির উত্তর পাশ হইতে প্রাইমারী স্কুলে যাওয়ার রাস্তার পূর্ব পার্শ্বে ব্লক স্থাপন | বস্তুগত অবকাঠামো | ৪,০০,০০০/- |
| চাকুয়া | ০৩ | হারার কান্দি কবর স্থানে আরসিসি পিলারসহ কাটাতারের বেড়া নির্মাণ | বস্তুগত অবকাঠামো | ৩,০০,০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| চাকুয়া | ০৪ | লেপসিয়া বায়তুন নুর মসজিদের পার্শ্ব হইতে ব্রীজের মাথা পর্যন্ত রাস্তা সিসি করণ | ভৌত অবকাঠামো | ২,০০০০০/- |
| চাকুয়া | ০৫ | ফতুয়া ঈদগাহ মাঠের মিম্বার নির্মাণ | বস্তুগত অবকাঠামো | ১,০০,০০০/- |
| চাকুয়া | ০৬ | বল্লী কদমতলা মাদ্রাসা উন্নয়ন | আর্থ সামাজিক | ২,০০,০০০/- |
| চাকুয়া | ০৭ | লেপসিয়া ঈদগাহ মাঠের পশ্চিম পার্শ্বের ড্রেন নির্মাণ | | ৯২,৫০০/- |
| | | | উপমোট- | ১৪,৯২,৫০০/- |
| খালিয়াজুরী | ০১ | মনিরামপুর পূর্ব মাথায় ইউ ড্রেইন নির্মান | কৃষি ও সেচ | ১,৫০,০০০/. |
| খালিয়াজুরী | ০২ | যোগীমারা চিনামারা কাড়ায় ইউ ড্রেইন নির্মান | কৃষি ও সেচ | ১,৫০,০০০/- |
| খালিয়াজুরী | ০৩ | খালিয়াজুরী নয়াপাড়া উত্তরদিকে ২টি ঘাটলা নির্মাণ | কৃষি ও সেচ | ১,০০,০০০/- |
| খালিয়াজুরী | ০৪ | রোয়াইল নতুন গ্রাম ভক্ত বাবুর বাড়ী হইতে দক্ষিন মাথা পর্যন্ত রাস্তা সিসি করণ | ভৌত অবকাঠামো | ১,০০,০০০/- |
| খালিয়াজুরী | ০৫ | আমানীপুর সুলতান মিয়ার বাড়ী হইতে দুলালের বাড়ী পর্যন্ত সিসি রাস্তা নির্মান | বস্তুগত অবকাঠামো | ১,৫০,০০০/- |
| খালিয়াজুরী | ০৬ | দুর্লভপুর গিয়াস উদ্দিন মেম্বারের বাড়ী হইতে কাসেমের বাড়ী পর্যন্ত সিসি রাস্তা নির্মাণ | বস্তুগত অবকাঠামো | ১,০০,০০০/- |
| খালিয়াজুরী | ০৭ | খালিয়াজুরী কৃষ্ঠপুর উত্তর পূর্ব মাথায় ঘাটলা নির্মান | বস্তুগত অবকাঠামো | ১,৫০,০০০/- |
| | | | উপমোট = | ৯,০০,০০০/- |
| নগর | ০১ | উদয়পুর বড় কাড়া কাড়ায় ইউড্রেন নিমার্ণ | বস্তুগতঅবকাঠামো | ১,৫০,০০০/- |
| নগর | ০২ | গুঙ্গাবিলের কাড়ায় ইউড্রেন নিমার্ণ | কৃষি ও সেচ | ১,৫০,০০০/- |
| নগর | ০৩ | বাঘাটিয়া হাইস্কুলের ঘাটলা নির্মান | বস্তুগত অবকাঠামো | ৩,০০,০০০/- |
| | | | উপমোট = | ৬,০০,০০০/- |
| কৃষ্ণপুর | ০১ | কৃষ্ণপুর ছয়কিরার গুনার সড়কে ইউড্রেন নির্মাণ | বস্তুগতঅবকাঠামো | ২,০০,০০০/- |
| কৃষ্ণপুর | ০২ | কৃষ্ণপুর মাদ্রাসার সামনের সড়কে ইউড্রেন নির্মাণ | বস্তুগতঅবকাঠামো | ১,৫০,০০০/- |
| কৃষ্ণপুর | ০৩ | নাজিরপুর কালিগাছের পাশে শ্মশানের প্রতিরক্ষা দেয়াল নির্মাণ | বস্তুগতঅবকাঠামো | ৩,৯৫,০০০০/- |
| | | | উপমোট = | ৬,৯৫,০০০/- |
| গাজীপুর | ১ | (ক) পাচহাট বেপারি বাড়ী মসজিদ হইতে হারিয়া পাড়ার খালের ড্রেইন প্রতিরক্ষা দেওয়াল সহ ঘাটলা নির্মান<br>(খ) পাঁচহাট বাগান বাড়ীর ব্রিজ সংলগ্ন প্রতিরক্ষা দেয়াল ও ঘাটলা নির্মাণ | কৃষি ও সেচ | ৫,০০,০০০/-<br>২,৩৭,০০০/- |
| | | | উপমোট = | ৭,৩৭,০০০/- |
| কৃষ্ণপুর | ১ | কৃষ্ণপুর আব্দুল জব্বার রাবেয়া খাতুন বালিকা উচ্চ বিদ্যালয় বাউন্ডারী ওয়াল নির্মাণ | শিক্ষা (কেন্দ্রীয় প্রকল্প) | ৮,০০,০০০/- |



| | | | | |
|---|---|---|---|---|
| খালিয়াজুরী | ২ | খালিয়াজুরী জিসি-কৃষ্ণপুর জিসি রাস্তার পার্শ্বে প্রতিরক্ষা দেয়াল নির্মাণ | বস্তুগত অবকাঠামো (কেন্দ্রীয় প্রকল্প) | ৬,০০,০০০/- |
| | | | উপমোট = | ১১,০০,০০০/- |
| খালিয়াজুরী | ১ | আনুষাঙ্গিক ব্যয় | | ৫২,৫০০/- |
| খালিয়াজুরী | ২ | তদারকি ব্যয় | | ১,০৫,০০০/- |
| | | | উপমোট = | ১,৫৭,৫০০/- |
| | | | এডিপি বরাদ্দের মোট = | |

উপরোক্ত প্রকল্পগুলি অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় বলেন যে,দেশে করোনা ভাইরাস ছড়িয়ে পড়েছে। তাই সকলকে সচেতন থাকতে হবে। জন সমাবেশ হতে দেয়া যাবে না। সকলকে মাস্ক,জীবানুমুক্ত ঔষধ ব্যবহার ও সামাজিক দুরত্ব বজায় রাখতে হবে। বিনা প্রয়োজনে ঘর হতে বাহিরে না যাওয়ার পরামর্শ দেন। এ কারণে স্বল্প পরিসরে স্বল্প সময়ে কাজ সমাপ্ত করার করার জন্য অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মো: রাব্বানী জব্বার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
খালিয়াজুরী,নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৩৮.০০০.০০৬.১৮.২০-৩৪২ তারিখ: ১৮/১০/২০২১খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে /জ্ঞাতার্থে ও কার্যার্থে।

০১। মাননীয় সংসদ সদস্য ১৬০,নেত্রকোণা-৪।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। জেলা প্রশাসক,নেত্রকোণা।
০৪। পরিচালক,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৫। উপ পরিচালক,স্থানীয় সরকার,নেত্রকোণা।
০৬। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,খালিয়াজুরী,নেত্রকোণা।
০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইসচেয়ারম্যান,উপজেলা পরিষদ,খালিয়াজুরী,নেত্রকোণা।
০৮। উপজেলা ....................... অফিসার,খালিয়াজুরী,নেত্রকোণা।
০৯। চেয়ারম্যান ....................... ইউপি (সকল),খালিয়াজুরী,নেত্রকোণা।
১০। সংশ্লিষ্ট নথি।

১৮-১০-২১

এ এইচ এম আরিফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
খালিয়াজুরী,নেত্রকোণা।
ফোন : ০৯৫২৬-৫৬০০১
ইমেইল: unokhaliajuri@yahoo.com